

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮০ বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীর, নদীর অভ্যন্তরে অবৈধ দখল ও অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ, পরিবেশ সংরক্ষণ ও নদীর সংস্কার করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য টাস্ক ফোর্স সরকার নিম্নরূপভাবে গঠন করেছেঃ

(ক) টাস্ক ফোর্সের গঠনঃ


- |   |          |
|---|----------|
| (১) মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়  | - সভাপতি |
| (২) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়  | - সদস্য  |
| (৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়   | - সদস্য  |
| (৪) মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়  | - সদস্য  |
| (৫) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়   | - সদস্য  |
| (৬) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়  | - সদস্য  |
| (৭) মন্ত্রী, আইন, বিচার, ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  | - সদস্য  |
| (৮) মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়   | - সদস্য  |
| (৯) নৌ-পরিবহন মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়<br>সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতিগণ | - সদস্য  |
| (১০) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র   | - সদস্য  |
| (১১) সংশ্লিষ্ট স্থানীয় সংসদ সদস্য  | - সদস্য  |
| (১২) এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট   | - সদস্য  |
| (১৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়   | - সদস্য  |
| (১৪) সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়   | - সদস্য  |
| (১৫) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ   | - সদস্য  |
| (১৬) মহা-পুলিশ পরিদর্শক   | - সদস্য  |
| (১৭) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়   | - সদস্য  |
| (১৮) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়  | - সদস্য  |

- (১৯) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় - সদস্য
- (২০) সচিব, শিল্প মন্ত্রণালয় - সদস্য
- (২১) সচিব, তথ্য মন্ত্রণালয় - সদস্য
- (২২) সচিব, আইন ও বিচার বিভাগ - সদস্য
- (২৩) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় - সদস্য
- (২৪) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) - সদস্য
- (২৫) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) - সদস্য
- (২৬) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর - সদস্য
- (২৭) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর - সদস্য
- (২৮) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রমনা, ঢাকা - সদস্য
- (২৯) প্রশাসক, ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা - সদস্য
- (৩০) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা - সদস্য
- (৩১) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ - সদস্য
- (৩২) মহা পরিচালক, পানি উন্নয়ন বোর্ড - সদস্য
- (৩৩) জনাব আবু নাসের খান  
চেয়ারম্যান, পরিবেশ বাঁচাও আন্দোলন  
৫৮/১, কলাবাগান, ১ম লেইন, ঢাকা - সদস্য
- (৩৪) ডাঃ মোঃ আবদুল মতিন - সদস্য  
সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন  
৯/১২, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭
- (৩৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ এনভায়নমেন্ট  
লইয়ারস এসোসিয়েশন (BELA) - সদস্য
- (৩৬) অধ্যাপক (ডঃ) আনসারুল করিম - সদস্য  
পরিবেশ বিজ্ঞানী, কুতুবদিয়া, কক্সবাজার
- (৩৭) সংশ্লিষ্ট জেলা প্রশাসক - সদস্য

(খ) টাস্ক ফোর্সের কার্যপরিধিঃ

- (১) বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান, সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান;
  - (২) পরিবেশ সংরক্ষণ ও নদী সংস্কারের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- ২। টাস্ক ফোর্স প্রয়োজনবোধে কোন বিশেষজ্ঞ/কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- ৩। নৌ-পরিবহন মন্ত্রণালয় টাস্ক ফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ নূরুল করিম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল।

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮০

১১ বৈশাখ, ১৪২১  
তারিখ.....  
২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট।
- ৩। সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। .....
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৬। মাননীয় মন্ত্রী /উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।  
মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৭। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। ( প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৮। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

  
(মোঃ জয়নাল আবেদীন)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১১০৮১